



কারাগার পরিদর্শন বোর্ডের মার্চ/২০২৩ মাসের ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ মঞ্জুরুল হাফিজ, বিপিএএ, জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ।
তারিখ	:	০৯ মার্চ ২০২৩
সময়	:	সকাল ১০:৩০ ঘটিকা।
সভার স্থান	:	জেল সুপারের অফিস কক্ষ, জেলা কারাগার, নারায়ণগঞ্জ।
উপস্থিতি	:	“পরিশিষ্ট-ক”।

কারাগার পরিদর্শন বোর্ডের ত্রৈমাসিক সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে জেল সুপার, নারায়ণগঞ্জ গত ১৩-১০-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর নারায়ণগঞ্জ জেলা কারাগারের এজেন্ডা অনুযায়ী বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	কারাগার পরিদর্শন	কারাগার পরিদর্শন বোর্ড এর ত্রৈমাসিক সভায় উপস্থিত সকল সদস্যগণ একত্রে কারাভ্যন্তরে রান্নাঘর, বিভিন্ন ওয়ার্ড ও সেল পরিদর্শন করা হয়। বন্দিদের সাথে কথা বলা হয়। কোন বন্দি কোন আপত্তি জনক কথা বলে নাই। পরিদর্শনকালে বন্দিদের জন্য রান্নাকরা খাবারের মান সন্তোষজনক বিবেচিত হয়। কারা এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন দেখা যায়।	বন্দিদের খাবারের মান এবং কারাগারের পরিষ্কার পরিচ্ছন্নতা এরূপ বজায় রাখতে হবে।	জেল সুপার নারায়ণগঞ্জ জেলা কারাগার।
০২	০৬ (ছয়) তলা বিশিষ্ট বন্দি ব্যারাক ও ০৬ (ছয়) তলা বিশিষ্ট সেল নির্মাণ	০৬ তলা বন্দি ব্যারাকের নির্মাণ কাজ শেষ পর্যায়ে। অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করে কারা কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা প্রয়োজন। সেল ভবনের নির্মাণকাজে মানসম্মত নির্মাণ সামগ্রী ব্যবহার করতে হবে।	গণপূর্ত বিভাগ সংশ্লিষ্ট ঠিকাদারকে মানসম্পন্ন নির্মাণ সামগ্রীদ্বারা নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করবেন। গণপূর্ত বিভাগ ও কারা কর্তৃপক্ষ উক্ত কাজ তদারকি করবেন।	নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ ও জেল সুপার নারায়ণগঞ্জ জেলা কারাগার।
০৩	কারাগারের দক্ষিণ পার্শ্বে ৪.৫৪ একর জমি অধিগ্রহণ করা।	কারা এলাকার দক্ষিণ পার্শ্বে ৪.৫৪ একর জমি অধিগ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের চাহিদানুযায়ী মাস্টার প্লান প্রস্তুত করার জন্য স্থাপত্য অধিদপ্তরে ডিজিটাল সার্ভে প্রেরণ করা হয়েছে।	স্থাপত্য অধিদপ্তর হতে মাস্টার প্লান এনে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য গণপূর্ত বিভাগ যোগাযোগ করবে।	নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ
০৪	পেরিমিটার ওয়ালের উচ্চতা উর্ধ্বমুখী সম্প্রসারণ করে ১৮ ফুট উন্নীত করা	অত্র কারাগারের পেরিমিটার ওয়ালের উচ্চতা উর্ধ্বমুখী সম্প্রসারণ করে ১৮ ফুট করার জন্য কারা অধিদপ্তর হতে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। দরপত্র আহবান পূর্বক কাজটি দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন।	গণপূর্ত বিভাগ দ্রুত দরপত্র আহবান করে NOA/কার্যাদেশ জারীর ব্যবস্থা করবেন।	নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ
০৫	খাদ্যের মান নিশ্চিত করণ এবং ঔষধের ব্যবহার	অত্র কারাগার পরিদর্শনকালে মেনু অনুযায়ী বন্দিদের খাদ্য তালিকায় মশুর, বেগুন, বাধাকপি, পেপে, আলু ও পাঞ্জাশ মাছ দেখা গেলো। খাবারের মান সন্তোষজনক। কেন্দ্রীয়ভাবে কারা অধিদপ্তর কর্তৃক ঔষধ সরবরাহ করা হয়ে থাকে। ঔষধ যেন মেয়াদ	খাবারের মান এরূপ বজায় রাখার জন্য জেল সুপারকে নির্দেশনা দেয়া হয় এবং কোন ঔষধের মেয়াদ শেষ না হয় বা মেয়াদোত্তীর্ণ কোন ঔষধ ব্যবহার করা না হয় সেদিকে খেয়াল	জেল সুপার নারায়ণগঞ্জ জেলা কারাগার ও সহকারী সার্জন কারা হাসপাতাল

*(Handwritten signature)*

		উত্তীর্ণ না হয় সেদিকে খেয়াল রাখা প্রয়োজন।	রাখার জন্য সহকারী সার্জনকে নির্দেশনা প্রদান করা হয়।	নারায়ণগঞ্জ জেলা কারাগার।
০৬	বন্দি প্রশিক্ষণ ও পুনর্বাসন	আগ্রহী বন্দিদেরকে বৈদ্যুতিক সরঞ্জাম মেরামত, সেলাই কাজ, প্লাম্বার ও জামদানী তৈরী কাজের প্রশিক্ষণ দেওয়া হয়। কারাগার হতে মুক্তি যাওয়ার সময় তাদেরকে প্রযোজ্য টুলস সরবরাহ করা প্রয়োজন।	উপ-পরিচালক, সমাজসেবা কার্যালয় বন্দি পুনর্বাসন সমিতির বরাদ্দকৃত অর্থদ্বারা টুলস সরবরাহ করবেন।	উপ-পরিচালক, জেলা সমাজসেবা, নারায়ণগঞ্জ।
০৭	বিবিধ	কারাভ্যন্তরে পরিদর্শনকালে সেলে অবস্থানরত মৃত্যুদন্ডপ্রাপ্ত বন্দিগণ গরম থেকে উপশমের জন্য স্ট্যান্ড ফ্যান দেয়ার আবেদন জানায়। এ খাতে সরকারি কোন বরাদ্দ নেই বলে জানা যায়।	বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট মহোদয় স্ট্যান্ড ফ্যান দেয়ার আশ্বাস প্রদান করেন। জেল সুপার পত্র যোগাযোগ করে ফ্যান সরবরাহ গ্রহণের ব্যবস্থা করবেন।	বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ ও জেল সুপার নারায়ণগঞ্জ জেলা কারাগার।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ মঞ্জুরুল হাফিজ, বিপিএএ  
জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ

ও

সভাপতি

কারাগার পরিদর্শন বোর্ডের ত্রৈমাসিক সভা

৭৬

তারিখ:

চৈত্র ১৪২৯

মার্চ ২০২২

পত্র নং-৫৮.০৪.৬৭০০.০২১.০৩.০৬৫.২৩-

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৪। কারা মহাপরিদর্শক, বাংলাদেশ, ঢাকা।
- ০৫। কারা উপমহাপরিদর্শক, ঢাকা বিভাগ, সদর দপ্তর, ঢাকা।
- ০৬। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
- ০৭। সিভিল সার্জন তথা মেডিকেল অফিসার, কারা হাসপাতাল, নারায়ণগঞ্জ।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ।
- ০৯। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ।
- ১০। জেল সুপার, নারায়ণগঞ্জ জেলা কারাগার, নারায়ণগঞ্জ।
- ১১। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
- ১২। জনাব .....
- ১৩। অফিস কপি।



জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ

ও

সভাপতি

কারাগার পরিদর্শন বোর্ডের ত্রৈমাসিক সভা

৭৬